# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৩. পশ্চাদ্দার দিয়ে মহিলাদের নিকট গমণ করা

بَاب إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ أَبَانَ بْنِ صَالِحٍ عَنْ مُجَاهِدٍ قَالَ لَقَدْ عَرَضْتُ الْقُرْآنَ عَلَى ابْنِ عَبَّاسٍ ثَلَاثَ عَرَضَاتٍ أَقِفُ عِنْدَ كُلِّ آيَةٍ أَسْأَلُهُ فِيمَ أُنْزِلَتْ وَفِيمَ كَانَتْ فَقُلْتُ يَا ابْنَ عَبَّاسٍ أَرَأَيْتَ قَوْلَ اللَّهِ تَعَالَى فَإِذَا تَطَهَّرْنَ فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمْ اللَّهُ قَالَ مِنْ حَيْثُ أَمَرَكُمْ أَنْ تَعْتَزِلُوهُنَّ

বাংলা

১১৫৪. মুজাহিদ রাহি. বলেন, আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা’র নিকট তিনবার কুরআন শুনিয়েছি, প্রত্যেক আয়াতে থেমে থেমে আমি তাকে জিজ্ঞেস করেছি, তা কোন্ বিষয়ে এবং কোথায় নাযিল হয়েছে। আমি তাঁকে বললাম, হে ইবনু আব্বাস! আপনি কি আল্লাহর তাআলার এ বাণী লক্ষ্য করেছেন? [“যখন তারা পবিত্র হবে, তখন তাদের নিকট গমণ করো, যেখান দিয়ে আল্লাহ তোমাদেরকে আদেশ করেছেন।” সুরা বাকারা: ২২২] তিনি বললেন, (এ আয়াতাংশে সেখান দিয়ে গমণ করতে নির্দেশ দিয়েছেন) যেখান থেকে আল্লাহ তোমাদেরকে বিরত থাকার আদেশ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। মুসতাদরাক হাকিমে ইবনু ইসহাক ‘হাদ্দাসানা’ বলে বর্ণনা করেছেন।

তাখরীজ: আবু দাউদ ২১৬৪; তাবারাণী, আল কাবীর নং ১১০৯৭; হাকিম ২/১৫৯, ১৭৯; তাবারী, আত তাফসীর ৩৯৫-৩৯৬; ওয়াহিদী, আসবাবুন নুযুল পৃ: ৫২; হাকিম ও যাহাবী একে মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। ...ইবনু কাছীর তার তাফসীর ১/৩৮২ এ বলেছেন: ‘আবু দাউদ এক্ষেত্রে একাকী হয়ে গেছেন। তবে এর সহীহ হওয়ার সাক্ষ্য দেয় পূর্বে বর্ণিত হাদীসসমূহ...’।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81437

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন